# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৬৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - আবূ বাকর সিদ্দীক ও ‘উমার ফারূক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّنِفْ (بَاب مَنَاقِبِ أَبِي بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا)

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ ذَاتَ يَوْمٍ وَدَخَلَ الْمَسْجِدَ وَأَبُو بَكْرٍ وَعُمَرُ أَحَدُهُمَا عَنْ يَمِينِهِ وَالْآخَرُ عَنْ شِمَالِهِ وَهُوَ آخِذٌ بِأَيْدِيهِمَا. فَقَالَ: «هَكَذَا نُبْعَثُ يَوْمِ الْقِيَامَةِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيب

اسناده ضعیف ، رواه الترمذی (3669) [و ابن ماجہ (99)] * فیہ سعید بن مسلمة : ضعیف ۔
(ضَعِيف)

বাংলা

৬০৬৩-[৮] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী (সা.) হুজরা হতে বের হয়ে এমন অবস্থায় মসজিদে প্রবেশ করলেন যে, আবূ বকর এবং ’উমার (রাঃ) তারা দুজনের একজন তার ডানে এবং অপরজন তাঁর বামে ছিলেন। আর তিনি তাদের উভয়ের হাত ধরে রেখেছিলেন। অতঃপর তিনি (সা.) বলেছেন, কিয়ামতের দিন আমাদের এ অবস্থায় উঠানো হবে। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং আর তিনি বলেছেন, এ হাদীসটি গরীব]

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৬৬৯, ইবনু মাজাহ ৯৯, য'ঈফুল জামি ৬০৮৯, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১১৮৫, আল মুজামুল আওসাত্ব ৮২৫৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (خَرَجَ ذَاتَ يَوْمٍ) কোন একদিন বের হলেন।
(أَحَدُهُمَا عَنْ يَمِينِه وَالْاٰخَرُ عَنْ شِمَالِه)কারী (রহিমাহুল্লাহ) বলেন, এখানে একটি আরবী কায়দা প্রয়োগ হয়েছে যাকে ‘আরবীতে বলা হয় (لَفٌّ وَنَشْرٌ مُرَتَّبٌ) যার দাবী হলো ধারাবাহিকতা বজায় রাখা।
উল্লেখিত হাদীসে বলা হয়েছে তাদের দুজনের একজন তাঁর ডানে বসেছে, শ্রোতা এ কথা শ্রবণ করার সাথে সাথে উপরোক্ত ফায়েদানুযায়ী বুঝতে সক্ষম হবেন যে, ডানদিকে বলা ব্যক্তি হচ্ছেন আবূ বাকর (রাঃ) এবং বামদিকে বলা ব্যক্তি হচ্ছেন ‘উমার ইবনুল খড়াব (রাঃ)।
نُبْعَثُকবর থেকে বের হব এবং হাশরের মাঠে উপস্থিত হব। (মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৯/৩৬৭৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86039

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন